দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 18 JUN 1999
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ১ ...

# মেডিক্যাল শিক্ষায় বৈপ্লবিক পরিবর্তন আনা হবে

—মতিন

ময়মনসিংহ, ১৭ই জুন।—সরকার দেশের মেডিক্যাল শিক্ষা ও হাসপাতাল ব্যবস্থাপনায় ইতিবাচক বৈপ্লবিক পরিবর্তন সাধনে বদ্ধপরিকর।

স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত উপ-প্রধানমন্ত্রী অধ্যাপক এম, এ মতিন গতরাতে ময়মনসিংহ মেডিক্যাল কলেজ হাসপাতালের ইন্টার্নী ডাক্তার ও শিক্ষকদের উদ্দেশে ভাষণ দিচ্ছিলেন।

উপ-প্রধানমন্ত্রী বলেন, চিকিৎসা

(শেষ পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## মতিন

(১ম পাতার পর)

শিক্ষা ও হাসপাতাল ব্যবস্থাপনায় বৈপ্লবিক কিছু পরিবর্তন আনার উদ্যোগ সরকার ইতিমধ্যেই গ্রহণ করেছে। নির্দিষ্ট সময়ে পাঠক্রম সমাপন, নির্ধারিত সময়ে পরীক্ষা অনুষ্ঠান, এক মাসের মধ্যে পরীক্ষা শেষ করে দু'সপ্তাহের মধ্যে ফল প্রকাশ ও পরীক্ষায় অসদুপায় প্রতিরোধ এর অন্তর্ভুক্ত। তিনি বলেন, শিক্ষক-শিক্ষা ও ছাত্র রোগীর বর্তমান আনুপাতিক হারের উন্নয়ন এবং শিক্ষকদের প্রশিক্ষণের মত বিষয়গুলোও সরকার বিবেচনা করে দেখছে। তিনি আশা প্রকাশ করেন যে, মেডিক্যাল কলেজ কর্তৃপক্ষের আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা বৃদ্ধির সূত্র ধরেই বিরাজমান অনেক সমস্যা সমাধানের পথ পাবে।

## বর্বরতা

(১ম পাতার পর)

উক্ত কলেজের ৮জন উচ্ছৃঙ্খল ছাত্র বিকেল ৫টার দিকে কলেজ সংলগ্ন অধ্যক্ষের বাসভবন থেকে থেকে অপহরণ করে একটি টেম্পোতে (ঢাকা মেট্রো দ-২১৬৬) তুলে ঢাকা-টাঙ্গাইল মহাসড়কের পথে কালিয়াকৈরের দিকে নিয়ে যায়। দুর্বৃত্তরা তাকে অস্ত্রের মুখে তার মাথার চুল কেটে মুখে আলকাতরা মেখে দেয় এবং তার হাত বেধে রাখে। মৌচাক পুলিশ ফাঁড়ির পুলিশরা টেম্পোচালকসহ ৮জন দুর্বৃত্তকে আটক করে এবং সেখান থেকে জয়দেবপুর থানায় নিয়ে আসা হয়। আজ একটি প্রতিবাদ সভা ও বিক্ষোভ মিছিল বের করা হয়। এ ব্যাপারে